# অভিযোগ প্রতিকার ব্যবস্থার মাসিক প্রতিবেদন

## মন্ত্রণালয় / বিভাগের নাম- বিআইডব্লিউটিএ

মাসের নাম ঃ ফেব্রুয়ারী/২০২২ইং

| বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | নতুন অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| পত্র/দরখাস্ত যোগে | অনলাইনে | | | | | ৩ মাসের উর্দ্ধে | ৬ মাসের উর্দ্ধে | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| নাই | ৩টি | ৩টি | ৩টি | পূর্বের মাসের ১টি এবং বর্তমান মাসের অনলাইনে প্রাপ্ত ২টি সহ মোট নিষ্পত্তিকৃত ৩টি অভিযোগের বিবরণঃ<br>১। জনাব মোঃ জহিরুল ইসলাম, পরিবহন পরিদর্শক, নৌ-নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা বিভাগ, বিআইডব্লিউটিএ, পটুয়াখালী এর সাথে আউলিয়াপুর-চরমোহন নৌ-রুটের ট্রলার মালিক জনৈক জনাব মুহিব্বুল এর কথোপকথনের একটি অডিও ক্লিপ বিআইডব্লিউটিএ'র চেয়ারম্যান প্রাপ্ত হয়েছেন। উক্ত অডিও ক্লিপে ট্রলার/জাহাজের কাগজপত্র করে দেয়ার নামে জনাব বিল্লাল খন্দকার, মনির বয়াতি, মুহিব্বুল ও সাইফুল চৌকিদারের নিকট হতে অর্থ গ্রহণ করা হয়েছে মর্মে অভিযোগ পাওয়া যায়। উক্ত অভিযোগের বিষয়ে তদন্ত করার জন্য গত ০৬/১২/২০২১ইং তারিখ জনাব মোঃ এনামুল হক ভূঁঞা, যুগ্ম-পরিচালক, নৌ-নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকাকে আহবায়ক করে ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটি কর্তৃক গত ২৬/১২/২০২১ইং তারিখ তদন্ত প্রতিবেদন কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের নিকট দাখিল করা হয় । উক্ত প্রতিবেদনে উল্লেখ করা হয়, পটুয়াখালী নদী বন্দরের পরিবহন পরিদর্শক জনাব মোঃ জহিরুল ইসলাম এর বিরুদ্ধে অর্থ গ্রহণের অভিযোগটি প্রমানিত হয়নি। তবে গত ২১/১০/২০১৮ইং তারিখ হতে ০১/০২/২০২২ ইং তারিখ পর্যন্ত প্রায় ৩ বৎসর ৩ মাস পটুয়াখালী নদীবন্দরে কর্মরত থাকার কারণে কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-২২১/২০২২, তারিখঃ ০২/০২/২০২২ইং দ্বারা তাকে পটুয়াখালী নদী বন্দর হতে ঢাকা নদীবন্দরে বদলী করা হয় বিধায় যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে গত ১৭/০২/২০২২ইং তারিখে উক্ত অভিযোগটি নিষ্পন্ন করা হয়।<br>২। ট্র্যাকিং নম্বর-১৭২২৭৭৫৬৭৯১০১, তারিখঃ ২৪/১২/২০২১ইং এর মাধ্যমে জনাব মোঃ রিফাত হোসেন, মোবাইল নম্বরঃ ০১৭২২-৭৭৫৬৭৯ বিআইডব্লিউটিএ'র অভিযোগ প্রতিকার ব্যবস্থার আওতায় একটি অভিযোগ দাখিল করেন। অভিযোগপত্রে উল্লেখ করা হয় যে, তিনি বিআইডব্লিউটিএ'র "তত্ত্বাবধায়ক কাম রক্ষণাবেক্ষণকারী কাম গুদাম সহকারী ও সহকারী" পদে আবেদন করেছেন, যার বিজ্ঞপ্তি নং-০৫/২০১৯। গত ২৮/০২/২০২০ইং তারিখ লিখিত পরীক্ষা ও | পূর্বের মাসের ৩ টি এবং বর্তমান মাসে অনলাইনে প্রাপ্ত নতুন ১টি সহ মোট ৪ টি অভিযোগের বিবরণঃ<br>১ টি নতুন অভিযোগঃ<br>ট্র্যাকিং ১৬৭৬৯৩৬২১৩১০১ তারিখঃ ২৭-১২-২০২১ইং এর মাধ্যমে জনৈক জনাব শাহরিয়ার কবির (মোবাঃ ০১৬৭৬৯৩৬২১৩) একটি আবেদন দাখিল করেন। উক্ত আবেদনপত্রে আদি বুড়িগঙ্গা চ্যানেলের পরিপূর্ণ সীমানা এবং বিআইডব্লিউটিএ নদীর তীরবর্তী এলাকার কতটুকু অংশ পর্যন্ত উচ্ছেদ অভিযান পরিচালনা করবে সে বিষয়ে বিস্তারিত বিবরণ সহ ম্যাপ সরবরাহের জন্য অনুরোধ করা হয়। উল্লিখিত আবেদনটি'র বিষয়ে কর্তৃপক্ষের বন্দর ও পরিবহন বিভাগ হতে মতামত পাওয়ার পর পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>৩ টি পুরাতন অভিযোগঃ<br>১। গত ২৫/১২/২০২১ইং তারিখ সকাল ৬.৩০ ঘটিকার সময় বিআইডব্লিউটিএ'র পাটুরিয়া পাইলট বিশ্রামাগারের উঠানে জনাব মোঃ মাকছুদের রহমান, পাইলট,নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, আরিচা কর্তৃক আনীত অভিযোগে উল্লেখ করা হয় যে, "পাটুরিয়া হতে কাজীর হাট, নটাখোলা, নগরবাড়ীর উদ্দেশ্যে জলযানে পাইলট অনবোর্ড হয়ে পথিমধ্যে না নেমে যে জলযান যে ষ্টেশনে যাবে সে ষ্টেশনে জলযানটি পৌছে দিয়ে আসলে ভাল হয়"। তিনি এ কথা বলার কিছুক্ষন পর জনাব মোঃ রোকন উদ্দিন, পাইলট দৌড়ে এসে জনাব মোঃ মাকছুদের রহমান এর উপর অতর্কিতভাবে এলোপাথারি চর-ঘুষি মারতে থাকে। তখন জনাব মোঃ মাকছুদের রহমান পিছনে সরে আসেন এবং আত্মরক্ষা করেন। এ বিষয়ে জনাব মোঃ মাকছুদের রহমান, পাইলট কর্তৃক জনাব মোঃ রোকন উদ্দিন, পাইলট এর বিরুদ্ধে অভিযোগ দাখিল করা হয়। উক্ত অভিযোগের বিষয়ে তদন্ত করার জন্য গত ২৬/০১/২০২২ইং তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। তদন্ত প্রতিবেদন পাওয়ার পর পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>০২। জনাব মোঃ আব্দুল মোতালেব, মাষ্টার পাইলট সুপারভাইজার, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, চট্টগ্রাম এর | - | - | - |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ৩০/১২/২০২০ইং তারিখ মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করে অদ্যাবধি রেজাল্ট পাননি। উক্ত অভিযোগের প্রেক্ষিতে উল্লেখ্য যে, বিআইডব্লিউটিএ'র নিয়োগ কমিটি কর্তৃক রির্পোট দাখিলের অপেক্ষায় রয়েছে। রির্পোট প্রাপ্তি স্বাপেক্ষে শীঘ্রই ফলাফল প্রকাশ করা হবে বিধায় যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে গত ১৬/০২/২০২২ইং তারিখে অভিযোগটি নিষ্পন্ন করা হয়েছে।<br><br>৩। ট্র্যাকিং নম্বর-১৫৮০৮৩৮৭৮৯১০১, তারিখঃ ০৩/০১/২০২২ইং এর মাধ্যমে জনাব মোঃ সুমন হোসাইন, মোবাইল নম্বরঃ ০১৫৮০৮৩৮৭৮৯ বিআইডব্লিউটিএ'র অভিযোগ প্রতিকার ব্যবস্থার আওতায় একটি অভিযোগ দাখিল করেন। অভিযোগপত্রে উল্লেখ করা হয় যে, তৃতীয় শ্রেণীর মাষ্টার পরীক্ষার আবেদনের নিয়ম, কতজন আবেদন করতে পারে, কতজন ব্যাংকে টাকা জমা করতে পারে এবং সময়-সীমা সর্ম্পকে জানতে চেয়েছেন। উক্ত অভিযোগের প্রেক্ষিতে উল্লেখ্য যে, চাহিত তথ্যাদি বিআইডব্লিউটিএ সংশ্লিষ্ট নয়। নৌপরিবহন মন্ত্রণালয়াধীণ নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক তৃতীয় শ্রেনীর মাষ্টার শীপ পরীক্ষা নেয়া হয় বিধায় যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে গত ১৬/০২/২০২২ইং তারিখে অভিযোগটি নিষ্পন্ন করা হয়েছে। | ব্যবস্থা গ্রহণ করা হবে।<br><br>০২। জনাব মোঃ আব্দুল মোতালেব, মাষ্টার পাইলট সুপারভাইজার, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, চট্রগ্রাম এর বিরুদ্ধে অনৈতিক কাজ ও ভিন্ন কৌশলে অর্থ আত্মসাৎ করা এবং হয়রানির বিষয়ে জনাব মোঃ শফিকুর রহমান, পরিচালনাকারী ম্যানেজার, ফয়সাল নেভিগেশন কোম্পানী(মোবাইল নং ০১৬১২-৯০০৩০০) কর্তৃক সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা বরাবর অভিযোগপত্র দাখিল করা হয়। বর্ণিত অভিযোগের বিষয়ে তদন্ত করে নৌপরিবহন মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল করার জন্য অভিযোগ পত্রটি এ কর্তৃপক্ষে প্রেরণ করা হয়। উক্ত অভিযোগের বিষয়ে তদন্ত করার জন্য গত ০৬/১২/২০২১ইং তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। তদন্ত প্রতিবেদন পাওয়ার পর পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।<br><br>০৩। জনাব মোঃ মাজহারুল ইসলাম, সহকারী, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, সদরঘাট, ঢাকা চাকুরী দেয়ার প্রলোভন দেখিয়ে জনৈক জনাব মোঃ নুর হোসেন সিকদারের নিকট হতে ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাঁশ হাজার) টাকা, জনাব মোঃ আব্দুল রহিম-১, অবসর প্রাপ্ত পাইলট, বিআইডব্লিউটিএ'র নিকট হতে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা এবং জনাব মোঃ আক্কাছ আলীর নিকট হতে ১,৯০,০০০/-(এক লক্ষ নব্বই হাজার) টাকা গ্রহণ করেন। চাকুরী না হওয়ায় বারংবার টাকা ফেরৎ চাওয়া হলে জনাব মোঃ মাজহারুল ইসলাম টাকা ফেরৎ না দেয়ায় তার বিরুদ্ধে কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের নিকট পৃথক ৩(তিন)টি লিখিত অভিযোগ দাখিল করা হয়। উক্ত অভিযোগের বিষয়ে তদন্ত করার জন্য গত ২৩/১২/২০২১ইং তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। তদন্ত প্রতিবেদন পাওয়ার পর পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। | | | |

02/06/2022
মোঃ আহসান হাবীব
সহকারী সমন্বয় কর্মকর্তা
বিভাগীয় মামলা সেল

2/6/2022
মোঃ আব্দুর রাজ্জাক
উপ-পরিচালক (মানব সম্পদ)
প্রশাসন ও মানব সম্পদ বিভাগ
বিআইডব্লিউটিএ, ঢাকা।

2/6/2022
এস এম শাহেদ রেজা
যুগ্ম-পরিচালক (মানব সম্পদ)
প্রশাসন ও মানব সম্পদ বিভাগ
বিআইডব্লিউটিএ, ঢাকা।

স্বাক্ষর- 02.06.2022

নামঃ মুহাম্মদ আবু জাফর হাওলাদার

পদবীঃ পরিচালক (প্রশাসন ও মানব সম্পদ)

অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)

ফোনঃ ০২২২৩৩৮৪৬৩৪

ই-মেইলঃ dadmin@biwta.gov.bd

বিআইডব্লিউটিএ'র হট-লাইন-১৬১১৩